

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
সাধারণ শাখা
রাজবাড়ী
www.rajbari.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশলের ব্যাপক প্রচার এবং জনঅবহিতকরণের জন্য মতবিনিময় সভার কার্যবিবরণী


সভাপতি : আবু কায়সার খান
জেলা প্রশাসক
রাজবাড়ী
তারিখ : ১৮ মার্চ ২০২৪
সময় : সকাল ১১:০০
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী

সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। সভায় স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে শুদ্ধাচার চর্চার মাধ্যমে নাগরিকদের মধ্যে সুশাসন, নৈতিকতা, দেশপ্রেম ও ন্যায়বোধ জাগ্রতকরণ এবং সুশীল সমাজ গঠনের উপর তাৎপর্য তুলে ধরা হয়। অতঃপর জাতীয় শুদ্ধাচার কৌশলের ব্যাপক প্রচার এবং জনঅবহিতকরণের লক্ষ্যে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে জাতীয় শুদ্ধাচার কৌশলের অংশ হিসেবে নাগরিকদের মধ্যে সুশাসন, শুদ্ধাচার, নৈতিকতা, দেশপ্রেম ও ন্যায়বোধ জাগ্রতকরণ এবং সুশীল সমাজ গঠনে শুদ্ধাচার চর্চার উপর তাৎপর্য তুলে ধরা হয়।	১। সকলের মধ্যে সুশাসন, শুদ্ধাচার, নৈতিকতা, দেশপ্রেম ও ন্যায়বোধ জাগ্রতকরণে বিশেষ কর্মসূচি গ্রহণসহ সমাজে ন্যায় ও সততা প্রতিষ্ঠায় সচেতন হতে হবে। ২। শুদ্ধাচার চর্চায় দপ্তরপ্রধানগণ নিজ নিজ দপ্তরে কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে দেশপ্রেম জাগ্রতকরণে মোটিভেশনাল কর্মসূচিসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করবেন।	দপ্তরপ্রধান (সকল), রাজবাড়ী
০২	জাতীয় শুদ্ধাচার কৌশলের ব্যাপক প্রচার ও জনঅবহিতকরণের জন্য উপজেলা কমিটির সভা আয়োজন এবং জনজীবনে শুদ্ধাচার চর্চার গুরুত্ব সম্পর্কে আলোকপাত করা হয়।	উপজেলা নির্বাহী অফিসারগণ প্রতিমাসে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে মতবিনিময় সভার আয়োজন করবেন এবং এ কার্যালয়কে যথাসময়ে অবহিত করবেন।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী
০৩	সকল সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে যারা শুদ্ধাচার চর্চায় এগিয়ে আছে, তাদেরকে স্বীকৃতিস্বরূপ সম্মাননা প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে জেলা প্রশাসন, রাজবাড়ী এর উদ্যোগে; জেলা/উপজেলা পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীদের পুরস্কৃত করা এবং তাদের ইতিবাচক পরিবর্তনের বিষয়ে আলোকপাত করা হয় এবং অন্যান্য সকল দপ্তরকে এ ব্যাপারে উদ্যোগ গ্রহণ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।	১। শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার চর্চার স্বীকৃতিস্বরূপ সম্মাননা/পুরস্কার প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২। সকল দপ্তরকে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা প্রশাসন, রাজবাড়ী ও দপ্তরপ্রধান (সকল), রাজবাড়ী

০৪	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে প্রতিটি দপ্তরে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভার আয়োজন করতে হবে।	দপ্তরপ্রধান (সকল), রাজবাড়ী
০৫	দুর্নীতি প্রতিরোধে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি দপ্তরে অভিযোগ বক্স স্থাপন এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System-GRS) সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।	দুর্নীতি প্রতিরোধে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি দপ্তরে অভিযোগ বক্স স্থাপন করতে হবে এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) নিয়ে সংশ্লিষ্টদের আরও আন্তরিকতা ও গুরুত্ব দিয়ে কাজ করতে হবে।	দপ্তরপ্রধান (সকল), রাজবাড়ী
০৬	নিরপেক্ষভাবে দ্রুততম সময়ের মধ্যে জনগণের কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তি নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	নিরপেক্ষভাবে দ্রুততম সময়ের মধ্যে জনগণের কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তি নিশ্চিত করতে হবে। প্রজাতন্ত্রের সকল কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার অনুশীলনে দায়িত্বশীল হতে হবে।	দপ্তরপ্রধান (সকল), রাজবাড়ী

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


২০১৬

আবু কায়সার খান
জেলা প্রশাসক
রাজবাড়ী

ফোনঃ-০২৪৮৮৭০৭৫৩৩

e-mail: dcrajbari@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৮২০০.০২৩.০৬.১০৯.২১. ২০৮

তারিখ: ০৬ চৈত্র ১৪৩০
২০ মার্চ ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ৪।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/ পাংশা/ বালিয়াকান্দি/ গোয়ালন্দ/ কালুখালী, রাজবাড়ী
- ৬। সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর/ পাংশা/ বালিয়াকান্দি/ গোয়ালন্দ/ কালুখালী, রাজবাড়ী
- ৭। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী
(কার্যবিবরণী জেলার ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)
- ৮। অফিস কপি


২০১৬

জেলা প্রশাসক
রাজবাড়ী